

কান্দে বীরাঙ্গনা

-মোহাম্মদ ফয়েজ আহমেদ (রানা)

!

তোমরা হগলে যে যা-ই কও, এইডা আমার দেশ
এই দেশের লাইগ্যা একাতরে সব করেছি শেষ!
মেলিটারিরা ধইরা নিছে আমার পোলার বাপ-টারে,
ক্যামনে ভুলমু এই জনমে শকুনদের ওই খাপটা রে!
খাপটা মাইরা বুকের মানিক লইয়া গেছে খাল-পাড়ে,
কইতে গেলে নিজের কতা বুকের মধ্যি দুখ বাড়ে!
হাতে পায়ে বাইন্কা আমায় খুইল্যা নিচে কাপড়,
কোন কতা কইতে গেলে দিত লাখি-খাপড়!
চিৎকার কইরা কাইন্দা কইছি “আমায় তোরা মাইরা দে,
তবুও আমার স্বামীটা আর পোলাটারে ছাইড়া দে”
কিন্তু না গো না, কোন কতাই মানল না,
পোলার সামনে বেজ্জত করছে একখান কাপড়ও টানল না!
স্বামী গেল, সন্তান গেল, মান-সম্মানও শেষ!
নয় মাস পর জন্ম দিলাম সোনার বাংলাদেশ।
আশ-পাশিরা কতা কয় না, কয় আমি নাকি নষ্ট!
এক সপ্তাহ না থাইলেও বাপ, হয় না এমন কষ্ট!
কেহ কয় পাগল, কেহ কয় বে-শরমা;
রাস্তা-ঘাটে পোলা’গোরে কয়, হেরা নাকি বে-জরমা!
পোলা’গোরে কই শুইন্যা থাক, দিন আবারও আইবো-
শেখের মাইয়া শেখ হাসিনা, উজানেও নাও বাইবো!